



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৪৭৪/৯২ (এন.এফ.এফ. অনুমোদিত)

প্রধান কার্যালয়ঃ- ২০/৪ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩ ২৩২৮৩৯৮৯; ই-মেলঃ- [dmfvestbengal@gmail.com](mailto:dmfvestbengal@gmail.com)  
ডায়মন্ড হারবার কার্যালয়ঃ- নিউ টাউন, ডায়মন্ড হারবার, দঃ ২৪ পরগণা, পিন - ৭৪৩৩৩১; মোঃ- ৯৮০০২৬৬২৬৫

১৭ই আগস্ট, ২০২০

প্রতি,  
আঞ্চলিক অধিকর্তা,  
ইনল্যান্ড ওয়াটারওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া,  
কলকাতা অঞ্চল,  
পি ৭৮ গার্ডেনরিচ রোড, কলকাতা-৭০০০৪৩

বিষয়ঃ হুগলি নদীতে জাহাজ দ্বারা মৎস্যজীবীর জাল নষ্ট করার ক্ষতিপূরণ।

মাননীয় মহাশয়,

বিগত ১৩ই আগস্ট ২০২০ মৎস্যজীবী ছোট্ট হালদারের মাছধরা নৌকা (Regn. No. IND-WB-DS-MO-11306) ট্যাংরাচরের বড় খাল বরাবর হুগলি নদীতে মাছ ধরছিল। দুপুর ২.৫০ মিনিট নাগাদ কলকাতাগামী একটি জাহাজ (জাহাজের নং 20164) উক্ত নৌকার জালের উপর এসে পড়ে এবং জাহাজের প্রপেলারে জড়িয়ে জালটি ছিঁড়ে যায় এবং জাহাজটিও দাঁড়িয়ে যায়। এরপর জাহাজের নাবিকেরা ক্ষতিপূরণ দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে সিঁড়ি ফেলে জাল কেটে প্রপেলারটিকে ছাড়িয়ে নেয়। কিন্তু তারপর ক্ষতিপূরণ না দিয়ে জাহাজটি চালিয়ে দেয় ও দ্রুত পালিয়ে যায়।

দরিদ্র মৎস্যজীবী ছোট্ট হালদারের ৩০, হাজার টাকার ক্ষতি হয়েছে। উপায়ান্তর না দেখে উনি স্থানীয় কুলপি থানায় অভিযোগ দায়ের করেছেন (অভিযোগপত্র ও থানার ডায়েরির রসিদ সংযোজিত হল)। প্রতিলিপি আমাদের একান্ত অনুরোধ এই যে দুষ্কৃতকারী জাহাজটি যাতে গরীব মৎস্যজীবী ছোট্ট হালদারকে ক্ষতিপূরণ বাবদ ৩০,০০০ টাকা অবিলম্বে দেয় এবং যাতে এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি না হয় তার ব্যবস্থা করবেন।

আপনার পক্ষ থেকে দ্রুত ও কার্যকরী পদক্ষেপ প্রত্যাশায়।

ধন্যবাদান্তে,

বিনীত

স্বাক্ষর করা / RECEIVED  
অনুমতি নেই / CONSENTS NOT VERIFIED  
তারিখ / DATE 17/08/2020  
ভারতীয় অন্তর্দেশীয় জলপথ অথরিটি  
Inland Waterways Authority of India  
(মন্ত্রণালয়, ভারত সরকার)  
(Ministry of Shipping, Govt. of India)  
পি - ৭৮, গার্ডেন রিচ রোড,  
P-78, GARDEN REACH ROAD,  
কলকাতা - ৭০০ ০৪৩ / KOLKATA - ৭০০ ০৪৩

মিলন দাস,  
সাধারণ সম্পাদক,  
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম।

প্রতি  
অফিস ইন চার্জ,  
কুল্পী থানা, দঃ ২৪ পরগণা।

বিষয়ঃ নদীতে জাহাজ কর্তৃক ছাঁদিজাল ক্ষতি।

মহাশয়,

বিনীত নিবেদন এই যে, আমি শ্রী ছোট্ট হালদার, পিতা সুবল হালদার, গ্রাম- ধনুমন্ডল, পোস্ট – শ্যামবসুর চক, থানা- কুল্পী, জেলা- দঃ ২৪ পরগণার স্থায়ী বাসিন্দা। আমার এফ. বি. মা গঙ্গা (রেজিস্ট্রেশন নং IND-WB-DS-MO-11306) নামক ফিশিং বোট গত 13/08/2020 তারিখে দিনের বেলায় ট্যাংরাচরের বড় খালের সোজা অদূরে হুগলী নদীর জলে ছাঁদিজাল ফেলে মাছ ধরছিল। দুপুর 2টা 50 মিনিট নাগাদ কোলকাতাগামী একটি জাহাজ (জাহাজের নং 20164 ) আমার উক্ত ফিশিং বোটের জালের উপর চলে আসে। এর ফলে উক্ত জাহাজের প্রোপেলারে আমার উক্ত ফিশিং বোটের জালটি জড়িয়ে যায়। তাতে জাহাজটি আটকে পড়ে। আমার উক্ত ফিশিং বোটের নাবিকরা ক্ষতিপূরণের দাবী জানালে উক্ত জাহাজের নাবিকেরা ক্ষতিপূরণ দেওয়ার প্রতিশ্রুতি দেয়। এবং জাহাজ থেকে সিঁড়ি ফেলে জলে নেমে জাল কেটে প্রোপেলারকে মুক্ত করে। এরপর কোনোপ্রকার ক্ষতিপূরণ না দিয়ে দ্রুত চলে যায়। আমার 30000/- (ত্রিশ হাজার) টাকা ক্ষতি হয়েছে। আমি যাতে উক্ত ক্ষতিপূরণ পাই তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,  
তাং 14/8/2020

বিনীত

ছোট্ট হালদার

আবেদনকারীর স্বাক্ষর  
ফোন নং 9093672588

ফিশিং বোটের নাবিকদের স্বাক্ষর-

১। অনুর মন্ডল  
ক্রী-সুবিধা হালদার  
কার্তিক হালদার

সুজন মন্ডল  
সুন্দর মন্ডল  
কেন্দ্র মন্ডল

KULPI POLICE STATION  
No. 452353  
SOUTH 24-PARGANAS DISTRICT POLICE  
KULPI P. S.  
Name of the P.S. ....  
GDE/FIR/Complaint received No. 478 Date 14/08/2020  
Signature of the Officer with Seal  
A. Haldar  
A.S.I.